গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭(অংশ-১).৮৮

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: ২০১৬ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ডিগ্রী স্তরে গভর্নিংবডি কর্তৃক নিয়োগপ্রাপ্ত তৃতীয় শিক্ষকদের এমপিওভুক্তকরণ।

সূত্র: (১) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০২.০০০০.১০২.২০.০২৪.১৮.৩৯৫, তারিখ: ৩১.০৮.২০২১ খ্রি.।
(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.১০৫.৯৯.০০৯.২০১৯(অংশ-১)/৫৭৯৭, তারিখ: ২২.১১.২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, অর্থ বিভাগের ৩১.০৮.২০২১ তারিখের নং-০৭.০২.০০০০.১০২.২০.০২৪.১৮. ৩৯৫ স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ডিগ্রী স্তরে গভর্নিংবডি কর্তৃক নিয়োগপ্রাপ্ত তৃতীয় শিক্ষকদের নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে এমপিওভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

**শর্তসমূহ :**

(ক) শিক্ষা প্রতিষ্ঠানটি ডিগ্রী স্তর এমপিওভুক্ত থাকতে হবে;
(খ) নীতিমালা অনুযায়ী তৃতীয় শিক্ষকের নিয়োগকালীন কাম্য যোগ্যতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত হয়ে কর্মরত থাকতে হবে;
(গ) এ বিভাগের ০৬ এপ্রিল ২০২৩ তারিখে নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০২.২০১৯.৬৬ স্মারকে জারিকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ব্যানবেইসে অনলাইনে সংগৃহীত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ডাটাবেইসে সংরক্ষিত তথ্যাদির সহিত আবশ্যিকভাবে তুলনামূলক যাচাই বাছাই করতে হবে। ডাটাবেইসে তথ্য যথাযথ না থাকলে কোনো তৃতীয় শিক্ষককে এমপিওভুক্ত করা যাবে না;
(ঘ) শিক্ষা মন্ত্রণালয়ের ১৯ অক্টোবর ২০১৬ তারিখের নং ৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৬.১৬-৩৫৪ পত্রের নির্দেশনা অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে নিয়োগপ্রাপ্ত তৃতীয় শিক্ষকদের এমপিওভুক্ত করতে হবে;
(ঙ) তৃতীয় শিক্ষক নিয়োগ করা হয়নি এরূপ প্রতিষ্ঠানে নতুনভাবে কোনো তৃতীয় শিক্ষক নিয়োগ করা যাবে না;
(চ) নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠানে বিষয় ভিত্তিক কাম্য শিক্ষার্থী (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি তথ্য অনুযায়ী) থাকতে হবে। তবে বর্তমানে কাম্য শিক্ষার্থী না থাকায় কোন শিক্ষক এমপিওভুক্ত হতে না পারলে পরবর্তীতে কাম্য শিক্ষার্থী পূরণ হলে মন্ত্রণালয়ের অনুমতিক্রমে এমপিওভুক্ত হতে পারবে;
(ছ) নীতিমালা অনুযায়ী যোগ্য তৃতীয় শিক্ষকদের এমপিওভুক্তির পর, উক্ত এমপিওপ্রাপ্ত শিক্ষকদের নাম, পদবী, বিষয়, প্রতিষ্ঠানের নাম ও শিক্ষার্থীর সংখ্যাসহ প্রতিবেদন আগামী ৬ (ছয়) মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
(জ) প্রতিষ্ঠানে কাম্য শিক্ষার্থীর সংখ্যা (বিষয় ভিত্তিক) যথাযথ থাকতে হবে। তা না হলে ব্যক্তি এমপিওপ্রাপ্ত হবে না।

১৩.০৩.২৪

(মোহাম্মদ তৌহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪০৫১৭
ই-মেইল: nongovt.secondary.sec3@shed.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭(অংশ-১).৮৮

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২/কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা।
৪. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার,--------------------------------------------------- (সকল)।
৬. জেলা প্রশাসক,-------------------------------------------------------- (সকল)।
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, -------------------(সকল)।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল,-------------------------- (সকল) (**এই পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।
১২. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. উপজেলা নির্বাহী অফিসার,--------------------------------------(সকল)।
১৪. জেলা শিক্ষা অফিসার, ----------------------------------------- (সকল)।
১৫. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----------------------(সকল)।
১৬. অফিস কপি।

১৩.০৩.২৪

(মোহাম্মদ তৌহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব